মসজিদে কাতার সোজা করাকে কেন্দ্র করে সংঘর্ষ দুজন জখম

মেহেরপুর সদর উপজেলার কালিগাংনী গ্রামে আহলে হাদিস জামে মসজিদে সামনের কাতার ফাঁকা রেখে নামাজ পড়াকে কেন্দ্র করে বাক বিতন্ডার জেরে দুজনকে কুপিয়ে জখম করেছে কয়েকজন মুসুল্লী। আহতদেরকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আজ শনিবার (৮ আক্টোবর) সকাল ১০ টার দিকে মেহেরপুর সদরের কালিগাংনী গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা হচ্ছেন- কালিগাংনী গ্রামের মৃত সদর আলীর ছেলে শফিকুল ইসলাম (৩০) ও তার ভাই রফিকুল ইসলাম(২৮)।

আহত সুত্রে জানা গেছে, কালীগাংনী আহলে হাদিস জামে মসজিদে শুক্রবার জুম্মার নামাজের সময় সামনের কাতার ফাকা রেখে রফিকুলসহ কয়েকজন পেছনের কাতারে দাঁড়িয়ে নামাজ আদায় করে । নামাজ শেষে মসজিদের মুসুল্লিদের সাথে তাদের কথা কাটাকাটি হয় ।

আজ শনিবার সকালে রফিকুল বাড়ি থেকে বের হলে গ্রামের রাশেদ, মান্নান, হামিদুল শহিদুল ও মহিবুল দেশীয় অস্ত্র দা কুড়াল, রামদা নিয়ে আক্রমন করে। এসময় শফিকুল মাটিতে লুটিয়ে পড়লে তার ভাই রফিকুল ইসলাম তাকে উদ্ধার করতে আসলে তাকেও জখম করে। পরে এলাকাবাসী ও পরিবারের লোকজন তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক জানান আহত দুজনের আবস্থা আশংকা মুক্ত নয়। দুজনেরই মাথাই গভীর ক্ষত রয়েছে। আহত শফিকুল ইসলামের শরিলে ১৩ টা ও রফিকুল ইসলামের শরিলে ১৪ টা সেলাই হয়েছে।